

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯

७. সদাচারণ ও न्যाय़निष्ठंठा সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সৎকাজের আদেশকারীকে মহান আল্লাহ তদনুযায়ী আমলকারীর সমপরিমাণ সাওয়াব দান করেন, এতে আমলকারীর সাওয়াবের কোন কমতি হয় না

ذِكْنُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا الْآمِرَ بِالْمَعْنُوفِ ثَوَابَ الْعَامِلِ بِهِ مِنْ غَيْرِ أَنْ يَنْقُصَ مِنْ أَجْرِهِ شَيْءٌ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدِ الْعَسْكَرِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا شعبة عن سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبَا عَمْرٍ والشَّيْبَانِيَّ عَنْ أَبِي مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ: رَجُلُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فسأله فقال: (ماعندي مَا أُعْطِيكَ مَسْعُودٍ قَالَ: (ماعندي مَا أُعْطِيكَ لَكِن النَّه عَلَيْهِ وَسَلَّمَ فسأله فقال: (ماعندي مَا أُعْطِيكَ لَكِن النَّه عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ لَكِن النَّه صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ دَلَّ عَلَى خير فَلَهُ مثل أجر فاعله أو عامله.)

الراوي: أبو مَسْعُودٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 289 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২৮৯. আবু মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে কিছু সাহায্য চাইলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমাকে দেওয়ার মত তো আমার কাছে কিছুই নেই। তবে তুমি ওমুক ব্যক্তির কাছে যাও।" রাবী বলেন, অতঃপর সে ব্যক্তি তার কাছে যান এবং তিনি তাকে দান করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "যে ব্যক্তি কোন ভাল কাজের সন্ধান দেয়, সে ব্যক্তি তদনুযায়ী আমলকারী বা কর্মসম্পাদনকারীর সমপরিমাণ সাওয়াব পাবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৮৯৩; মুসনাদ আহমাদ: ৫/২৭৩; আত তায়লিসী: ৬১১; তিরমিযী: ২৬৭১; মুসান্নাফ আব্দুর



রাযযাক: ২০০৫৪; আবু দাউদ: ৫১২৯; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৪২; তাবারানী: ১৭/৬২২, বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৬০৮।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৬০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন